# শারহু মাসাইলিল জাহিলিয়্যাহ

বিভাগ/অধ্যায়ঃ ১৯. নেককারদের সাথে সম্বন্ধ সৃষ্টিকারীদের কর্মকাণ্ড দ্বারা নেককারদের দোষারোপ করা

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

নেককারদের সাথে সম্বন্ধ সৃষ্টিকারীদের কর্মকাণ্ড দ্বারা নেককারদের দোষারোপ করা

নেক লোকদের সাথে সম্পৃক্ত কতিপয়ের কর্মের মাধ্যমে কতেক নেক লোকদের নিন্দাচর্চা করা। যেমন ইয়াহুদীরা ঈসা আলাইহিস সালাম এর ব্যাপারে মন্দ কথা বলে এবং ইয়াহুদী ও খ্রিষ্টানরা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সম্পর্কে নিন্দা জ্ঞাপন করে।

..................................................

ব্যাখ্যা: নেক লোকদের সাথে সম্পৃক্ততার দাবিদার কতিপয়ের খারাপ কর্মের মাধ্যমে নেকলোকদের দোষ বর্ণনা করা। আর অনুসারীদের মন্দ কর্মের সাথে নেক লোকদের সম্পৃক্ত করা, যা থেকে তারা মুক্ত।

যেমন ঈসা আলাইহিস সালাম সম্পর্কে ইয়াহুদীদের মন্দ কথা বলা যা ধর্মযোদ্ধা অনুসারীদের বিকৃত করে। তারা বিশ্বাস করে যে, আল্লাহ তা'আলা তিন উপাস্যের একজন অথবা মাসীহই আল্লাহ অথবা আল্লাহর পুত্র (নাউযুবিল্লাহ)।

অনুরূপভাবে কতিপয় কবর পূজারী, জাহমিয়াহ, মু'তাযিলা ও খারেজীরা তাদের কর্মের দ্বারা তার দীনের দিকে সম্পৃক্ত করে মুহাম্মাদ সম্পর্কে মন্দ কথা বলে।

তাই আমরা বলবো নাবীগণের ব্যাপারে যারা মন্দ কথা বলে, তারা মূসা, ঈসা আলাইহিমাস সালাম ও মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কোন দীনেরই অন্তর্ভুক্ত নয়। আর অনুসারীদের বিমুখ হওয়ার কারণে তাদেরকে মূল দ্বীনের প্রতি সম্পৃক্ত করা যায় না। দীনের মূল থেকে যারা বেরিয়ে যায় কেবল তাদের দিকেই তাদেরকে সম্পৃক্ত করা যায়।

মূসা আলাইহিস সালাম এর রিসালাতের নিন্দা করা যাবে না। কেননা ইয়াহুদীরা তাদের দীনকে পরিবর্তন, পরিবর্ধন ও বিকৃত করেছে। আর খ্রিষ্টানদের শিরক, ধর্মযুদ্ধ ও নিকৃষ্ট কুফরীর কারণে তাদেরকেও ঈসা আলাইহিস সালাম এর দীনের দিকে সম্পৃক্ত করা যাবে না। আর কবর পূজারীরা যেসব কর্মকান্ড করে নিজেদেরকে ইসলামপন্থী মনে করে ঐ কারণে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দীনের দিকে তাদেরকেও সম্পৃক্ত করা যাবে না। আর রাফেযী নাস্তিক ও বাতিলপন্থীরা ইসলামের নাম ব্যবহার করলেও মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দীনের দিকে তাদেরকে সম্পৃক্ত করা যাবে না। যারা মুহাম্মাদ এর আদর্শ অনুসরণ করে ও তার প্রতি ঈমান আনে কেবল তাদেরকেই মুহাম্মাদ এর দীনের দিকে তাদেরকে সম্পৃক্ত করা যাবে। আর যারা নেকলোকদের অনুসরণ ও অনুকরণ করে তারা নেকলোকদের সাথে সম্পৃক্ত হবে। যেমন আল্লাহ তা'আলা বলেন,

(والسابقون الأولون من المهاجرين والأنصار والذين اتبعوهم بإحسان رضي الله عنهم ورضو عنه.. )

আর মুহাজির ও আনসারদের মধ্যে যারা অগ্রগামী ও প্রথম এবং যারা, তাদেরকে অনুসরণ করেছে সুন্দরভাবে,

আল্লাহ্ তাদের প্রতি সন্তুষ্ট হয়েছেন আর তারাও আল্লাহর প্রতি সন্তুষ্ট হয়েছে (সূরা আত-তাওবা ৯:১০০)। আল্লাহ তা‘আলা বলেন,

(إِنَّ أَوْلَى النَّاسِ بِإِبْرَاهِيمَ لَلَّذِينَ اتَّبَعُوهُ وَهَٰذَا النَّبِيُّ) [آل عمران: 68]

নিশ্চয় মানুষের মধ্যে ইব্রাহীমের সবচেয়ে নিকটবর্তী তারা, যারা তার অনুসরণ করেছে, আর এই নাবী ও মুমিনগণ (সূরা আলে-ইমরান ৩:৬৮)।

অনুরূপভাবে চার মাযহাবে সম্পৃক্ত অনুসারীদের সঠিক আক্বীদা থেকে বিচ্যুত হওয়া ও দলীল বিরোধিতার কারণে তাদেরকেও চার ইমামের দিকে সম্পৃক্ত করা যাবে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9001

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন